

ববিতে শাটডাউন প্রত্যাহার, রবিবার থেকে ক্লাসে ফিরছেন শিক্ষকরা

বরিশাল অফিস

প্রকাশ: ১৬ মে, ২০২৬ ২০:৫৪



সংগৃহীত ছবি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে (ববি) চলমান শাটডাউন কর্মসূচি প্রত্যাহার করে নিয়েছেন আন্দোলনরত শিক্ষকরা। শনিবার (১৬ মে) নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. মো.

মামুন অর রশিদের সঙ্গে বৈঠকের পর বিকেলে এ ঘোষণা দেওয়া হয়।

একই দিন বিকেলে শিক্ষকদের পক্ষ থেকে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, নবনিযুক্ত উপাচার্যের সঙ্গে আলোচনাসভা শেষে শিক্ষকরা আগামীকাল রবিবার থেকে যথারীতি ক্লাস ও পরীক্ষা চালুর সিদ্ধান্ত নিয়েছেন।

বিষয়টি নিশ্চিত করে বিশ্ববিদ্যালয়ের ডিন ও কোস্টাল স্টাডিজ অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের বিভাগীয় প্রধান ড. হাফিজ আশরাফুল হক বলেন, উপাচার্য শিক্ষকদের বিভিন্ন সমস্যা মনোযোগ দিয়ে শুনেছেন এবং ইউজিসির সঙ্গে আলোচনা করে সমাধানের পথ বের করার আশ্বাস দিয়েছেন।

এদিকে, ঈদুল আজহা উপলক্ষে গত বৃহস্পতিবার থেকেই একাডেমিক কার্যক্রম বন্ধ ছিল। রবিবার থেকে পুনরায় পরীক্ষা শুরু হবে।

বিশ্ববিদ্যালয় সূত্ৰ জানায়, শনিবাৰ সকাল ১১টায় জীবনানন্দ দাশ কনফাৰেন্স ৰুমে উপাচাৰ্যেৰ সভাপতিত্বে শিক্ষকদেৰ সঙ্গে এক সভা অনুষ্ঠিত হয়। এতে প্ৰায় ৬০ জন শিক্ষক অংশ নেন।

সভায় শিক্ষকরা বিশ্ববিদ্যালয়েৰ অবকাঠামোগত নানা সংকটেৰ কথা তুলে ধৰেন। তাৰা জানান, বিশ্ববিদ্যালয়েৰ পৰিধি ছোট, পৰ্যাপ্ত ক্লাসৰুমেৰ অভাব রয়েছে এবং শিক্ষার্থীদেৰ জন্য আবাসিক হল নেই।

এছাড়া দীৰ্ঘদিন ধৰে পদোন্নতি বঞ্জনৰ বিষয়টিও আলোচনায় আসে।

এ সময় উপাচার্য অধ্যাপক ড. মো. মামুন অৱ ৰশিদ বলেন, তিনি এসব সমস্যা সমাধানে বিশ্ববিদ্যালয় মঞ্জুৰি কমিশনের (ইউজিসি) সঙ্গে আলোচনা কৰবেন। বিদ্যমান নীতিমালায় আৱ পদোন্নতিৰ সুযোগ না থাকলেও অভিন্ন নীতিমালার ৯ নম্বৰ ধাৰা অনুযায়ী প্ৰত্যেক শিক্ষককে অন্তত একবাৰ পদোন্নতিৰ সুযোগ দেওয়ার বিষয়ে উদ্যোগ নেওয়া যেতে পারে বলেও জানান তিনি। পাশাপাশি পদোন্নতিৰ ক্ষেত্ৰে ‘ডিউ ডেট’ কাৰ্যকৰেৰ আশ্বাস দেন উপাচার্য।

প্ৰসঙ্গত, গত ২১ মে থেকে পদোন্নতিৰ দাবিতে আন্দোলন কৰে আসছিলে বৰিশাল বিশ্ববিদ্যালয়েৰ শিক্ষকরা।

দাবি আদায়ে তারা ক্লাস ও পৰীক্ষা বৰ্জনসহ শাটডাউন কৰ্মসূচি পালন কৰেন। এ সময় বিদায়ি উপাচার্য

অধ্যাপক ড. মোহাম্মদ তৌফিক আলমকে অবাঞ্ছিতও
ঘোষণা করা হয়।